

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ইলমে হাদীস বিষয়ে যিনি মজবুত জ্ঞান অর্জন করেননি এমন ব্যক্তিকে নিম্নোক্ত হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত হাদীসগুলোর বিপরীত

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادُّ لِلْأَخْبَارِ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ سَمِعْنَاهُ مِنِ الزُّهْرِيِّ عَودًا وَبَدْءًا عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ بن عَبَّاسٍ قَالَ أَخْبَرَنِي الصَّعْبُ مِنِ الزُّهْرِيِّ عَودًا وَبَدْءًا عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ بن عَبَّاسٍ قَالَ أَخْبَرَنِي الصَّعْبُ بُنُ جَتَّامَةَ قَالَ: مَرَّ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا بِالْأَبُواءِ أَوْ بِوَدَّانَ فَأَهْدَيْتُ إِلْيُهِ لَحْمَ حِمَارٍ وَحْشٍ فَرَدَّهُ عَلَيَّ فَلَمَّا رَأَى الْكَرَاهِيَةَ فِي وَجْهِي قَالَ: "إِنَّهُ لَيْسَ بِنَا رَدُّ عَلَيْ فَلَمَّا رَأَى الْكَرَاهِيَة فِي وَجْهِي قَالَ: "إِنَّهُ لَيْسَ بِنَا رَدُّ عَلَيْكَ وَلَكِنَّا حُرُمُ".

وَسُئِلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الدَّارِ مِنَ الْمُشْرِكِينَ يُبَيَّتُونَ فَيُصَابُ مِنْ نِسَائِهِمْ وَذَرَارِيّهِمْ قَالَ: "هُمْ مِنْهُمْ".

قَالَ: وَسَمِعْتُهُ يَقُولُ: "لَا حِمَى إِلَّا لله ورسوله"

الراوي: عَبْد اللَّهِ بن عَبَّاسٍ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 136 ا خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১৩৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, সা'ব বিন জাস্পামা রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে বলেছেন: একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার পাশ দিয়ে অতিক্রম করলেন, সেসময় আমি আবওয়া অথবা ওয়াদ্দান নামক জায়গায় ছিলাম।আমি তাঁকে বন্য গাধার মাংস হাদীয়া দিলে, তিনি তা আমাকে ফিরিয়ে দেন, অতঃপর যখন তিনি আমার চেহারায় অপছন্দের ভাব লক্ষ্ম করলেন, তখন তিনি বললেন: "আমরা এটা তোমাকে ফিরিয়ে দিতাম না কিন্তু আমরা ইহরাম অবস্থায় আছি।"



রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরো জিজ্ঞেস করা হয় মুশরিকদের বাড়িতে রাত্রে আকস্মিক আক্রমন করা সম্পর্কে যাতে তাদের নারী ও শিশু আক্রান্ত হয়, জবাবে তিনি বলেন: "ওরা তাদেরই অন্তর্ভূক্ত।"

রাবী বলেন, আমি তাঁকে আরো বলতে শুনেছি, তিনি বলেছেন: "চারণভূমি সংরক্ষিত করার অধিকার আল্লাহ ও তদীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতিত আর কারো নেই।"[1]

ফুটনোট

[1] পুরো হাদীসটি বর্ণিত হয়েছে মুসনাদ আহমাদ: ৪/৩৭-৩৮, ৭১; বাইহাকী: ৯/৭৮।

হাদীসটি প্রথম দুই অংশ বর্ণিত হয়েছে মুসনাদ আহমাদ: ৪/৩৭; সহীহ মুসলিম: ১১৯৪; ইবনু মাজাহ: ৩০৯০; মুয়াত্তা মালিক: ১/৩২৫; সহীহ বুখারী: ১৮২৫; নাসাঈ: ৫/১৮৩; বাইহাকী: ৫/১৯১; তাবারানী: ৭৪৩১; তিরমিযী: ৮৪৯ প্রভৃতি কিতাবে।

হাদীসটির দ্বিতীয় অংশ বর্ণিত হয়েছে মুসান্নাফ ইবনু আবী শায়বা: ১২/৩৮৮; মুসনাদ আহমাদ: ৪/৩৭; মুসলিম; ১৭৪৫; আবু দাউদ: ২৬৭২; তিরমিযী: ১৫৭০; ইবনু মাজাহ: ২৮৩৯ প্রভৃতিতে।

হাদীসটির তৃতীয় অংশ বর্ণিত হয়েছে মুসনাদ আহমাদ: ৪/৭১; সহীহ বুখারী: ৩০১২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৭৫০; তাবারানী: ৭৪১৯; বাইহাকী: ৬/১৪৬; আবু দাউদ: ৩০৮৩; দারাকুতনী: ৪/২৩৮ প্রভৃতি কিতাবে।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৭০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন